সংবাদ

তারিখ 07 OCT 2016
পৃষ্ঠা 8 কলাম 7

# বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগের ফল প্রকাশ রোববার

নিজস্ব বার্তা পরিবেশক

আগামী রোববার বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগের ফল প্রকাশ হচ্ছে। প্রথমবারের মতো কেন্দ্রীয়ভাবে ওইদিন নির্বাচিত শিক্ষকদের তালিকা প্রকাশ করা হবে। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ রোববার বিকেল ৩টায় সচিবালয়ে সংবাদ সম্মেলনে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের (এনটিআরসিএ) প্রস্তুত করা প্রায় ১৫ হাজার শিক্ষকের তালিকা প্রকাশ করবেন। এরপর তালিকা অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের পরিবর্তে এনটিআরসিএ শিক্ষক নিয়োগ দেবে।

এনটিআরসিএ'র বিজ্ঞপ্তি অনুযায়ী সারাদেশের স্কুল, কলেজ, মাদ্রাসা ও সমপর্যায়ের কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান থেকে শূন্যপদে ১৫ হাজার শিক্ষকের চাহিদা পাওয়া যায়। এসব আবেদন যাচাই-বাছাই করে এনটিআরসিএ শূণ্যপদের বিপরীতে শিক্ষক নিয়োগ দিতে যাচ্ছে। এতে শিক্ষা প্রতিষ্ঠানের কোন ধরনের সংশ্লিতা থাকবে না।

এনটিআরসিএ'র এক কর্মকর্তা জানান, প্রথম থেকে দ্বাদশ শিক্ষক নিবন্ধর পরীক্ষা পর্যন্ত যসব প্রার্থী আবেদন করেছেন তাদের মধ্য থকে বাচাই করে নিয়োগ দেয়া হবে। প্রথম থেকে দ্বাদশ পরীক্ষা পর্যন্ত সাড়ে ১৪ লাখ আবেদন জমা পড়েছে। এসব আবেদন থেকে শূন্য পদে যোগ্যতা ভিত্তিক সাড়ে ১৪ হাজারের ওপর পদে নিয়োগ দেয়া হবে। টেলিটক মোবাইলে সফটওয়্যারের মাধ্যমে প্রার্থী বাছাই করে এই নিয়োগ প্রক্রিয়া চূড়ান্ত করা হচ্ছে। তালিকা প্রকাশ করার পর সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান নিয়োগপত্র ইস্যু করবে বলে শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তারা জানিয়েছেন।